মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয় ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে ১৮-০৬-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায়
অনুষ্ঠিত মবক'র নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন, চেয়ারম্যান। |
| তারিখ | ঃ ১৮-০৬-২০২০ খ্রিঃ। |
| সময় | ঃ ১০.০০ ঘটিকা। |
| স্থান | ঃ মবক এর সভাকক্ষ। |

১৮-০৬-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মবক'র সভাকক্ষে রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন, চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সকলের উদ্দেশ্য সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রেক্ষাপট, গুরুত্ব এবং বিভাগ ভিত্তিক দায়িত্ব সম্পর্কে আলোকপাত করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা করেন।

**আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত:-**

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভা। | প্রতি ০৩ মাস অন্তর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির সভা মাসের ৩য় সপ্তাহে এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত সভা প্রতিবছর জুন মাসের ৩য় সপ্তাহে রবিবার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে নিয়মিত সভা অনুষ্ঠান করা হয়। | যথাসময়ে বর্ণিত সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২. | অংশীজনের (Stakeholder) অংশগ্রহণ সভা। | ক) গত ২৬-০৪-২০২০ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় বন্দরে কর্মরত শ্রমিকদের করোনা ভাইরাস দুর্যোগকালীন ত্রাণ বিতরণ সভা অনুষ্ঠিত হয়েছে।<br>খ) গত ১১-০৫-২০২০ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে আর্থিক সহযোগিতার বিষয়ে কর্মরত শ্রমিকদের করোনা ভাইরাস দুর্যোগকালীন আর্থিক সহযোগিতা প্রদান (নগদ অর্থ) বিষয়ে অনুষ্ঠিত সভা।<br>গ) গত ১১-০৫-২০২০ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে বন্দর ব্যবহারকারীদের সাথে মবক'র অপারেশনাল কার্যক্রমের বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। | প্রতিমাসে বন্দর ব্যবহারকারীদের সাথে সভা আহবান অব্যাহত রাখতে হবে। | পরিচালক (ট্রাফিক) |
| ৩. | গৃহ নির্মাণ ঋণ কর্মসূচি-২০১৯ প্রণয়ন প্রসঙ্গে। | গৃহ নির্মাণ ঋণ কর্মসূচি-২০১৯, মবক'র ২৭০তম বোর্ড সভায় অনুমোদনের প্রেক্ষিতে গত ১৮-০৩-২০২০ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। গৃহ নির্মাণ ঋণ কর্মসূচি ২০১৯ এর অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৪. | হজ্জ নীতিমালা-২০১৯ প্রণয়ন প্রসঙ্গে। | হজ্জ নীতিমালা-২০১৯, মবক'র ২৭০তম বোর্ড সভায় অনুমোদনের প্রেক্ষিতে গত ১৮-০৩-২০২০ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। গত ১৫-০৬-২০২০ তারিখে তথ্যাদি চেয়ে নৌপম হতে পত্র পাওয়া গিয়েছে। শীঘ্রই তথ্যাদি সংগ্রহপূর্বক জবাব প্রেরণ করা হবে। | শীঘ্রই তথ্যাদি সংগ্রহপূর্বক নৌপম এ জবাব প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৫. | এডিপি বাস্তবায়ন অগ্রগতি। | প্রতিমাসে এডিপি এর অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং সংশ্লিষ্ট বিভাগ চেয়ারম্যান মহোদয়সহ সকল সদস্যদের অগ্রগতি প্রতিবেদন অবহিত করেন মর্মে পরিকল্পনা কোষ হতে জানানো হয়েছে। মে ২০২০ মাসে এডিপি এর অগ্রগতির হার ৪০.৩৩৬%। | প্রতি ০৩ মাস অন্তর প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং এডিপির অগ্রগতির প্রতিবেদন চেয়ারম্যান এবং সকল সদস্য বরাবর প্রেরণ করতে হবে। | পরিকল্পনা প্রধান |
| ৬. | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষন অগ্রগতি প্রতিবেদন। | মবক এর উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কমিটি গঠনের প্রস্তাব চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রেরণ করার জন্য আলোচনা হয়। তদপ্রেক্ষিতে পরিকল্পনা প্রধান জানান যে, প্রকল্প পরিদর্শনের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি নিম্নরূপঃ-<br>১। জনাব শেখ মাসুদ উল্লাহ — আহবায়ক<br>উপ-পরিকল্পনা প্রধান<br>২। জনাব মোঃ সোহাগ — সদস্য<br>ডেপুটি ট্রাফিক ম্যানেজার<br>৩। জনাব মোঃ নিয়ামুর রহমান — সদস্য সচিব<br>সিনিয়র এ্যাকাউন্টস অফিসার<br>বর্ণিত কমিটির সদস্যদের সক্রিয়ভাবে নিজ দায়িত্ব পালন করার জন্য সভায় সকলে একমত পোষণ করেন। প্রতিমাসে মবক'র উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি এবং | গঠিত কমিটির কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। প্রতিমাসে পরিদর্শন/পরিবীক্ষণ অগ্রগতি প্রতিবেদন চেয়ারম্যান মহোদয়সহ সকল সদস্য মহোদয়কে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা প্রধান এবং গঠিত কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হালনাগাদ অবস্থা সন্নিবেশিত করে প্রতিবেদন চেয়ারম্যানসহ সকল সদস্য মহোদয়কে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | | |
| ৭. | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন। | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের অগ্রগতি প্রতিবেদন চেয়ারম্যান মহোদয়সহ সকল সদস্য মহোদয়কে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্পের অগ্রগতি প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করতে হবে এবং প্রতিবেদন চেয়ারম্যান মহোদয়সহ সকল সদস্য মহোদয়কে প্রেরণ করতে হবে। | গঠিত কমিটি ও প্রকল্প পরিচালকগণ |
| ৮. | সিটিজেনস চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন। | সিটিজেনস চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সিটিজেনস চার্টার বোর্ড আপডেটের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। সিটিজেনস চার্টার হালনাগাদ করা হয়েছে। যা বোর্ডে প্রদর্শনের জন্য প্রক্রিয়াধীন। | সিটিজেনস চার্টার হালনাগাদ করে সিটিজেন চার্টার বোর্ড দৃশ্য মান স্থানে স্থাপন করতে হবে। | উপসচিব (বোর্ড ও জনসংযোগ) |
| ৯. | বিভাগ/শাখা পরিদর্শন। | স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে পরিদর্শনের ফরমেট তৈরী, উক্ত ফরমেট অনুযায়ী প্রতিমাসের শেষ সপ্তাহে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা হয়। ইতোমধ্যে পরিচালক (প্রশাসন) কর্তৃক চিকিৎসা বিভাগের জন্য সরকারি পরিদর্শনের ফরমেট সংগ্রহ করে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে বন্দর হাসপাতাল পরিদর্শন করেছেন। উল্লেখ্য যে, অন্যান্য বিভাগের জন্য সরকারি ফরমেট সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | পরিদর্শন প্রতিবেদন প্রদানের লক্ষ্যে সরকারি নির্ধারিত কোন ছক থাকলে তা সংগ্রহ করতে হবে এবং বিভাগীয় প্রধানগণ নিয়মিত তার বিভাগের স্থাপনাসমূহ পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করবেন। | পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার এবং প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১০. | সচিবালয়ের নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ। | প্রত্যেক বিভাগের নথিসমূহ সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী শ্রেণি বিন্যাস এবং নথিসমূহ কম্পিউটারাইজ করতে হবে মর্মে আলোচনা হয়। | সচিবালয়ের নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ করতে হবে এবং সে মতে নথি সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। | সকল বিভাগীয়/ কোষ প্রধান |
| ১১. | ডিপিপি প্রণয়ন প্রসঙ্গে। | সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ডিপিপি চুড়ান্ত পর্যায়ে যাওয়ার আগে সকল সদস্য ও চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | ডিপিপি চুড়ান্ত পর্যায়ে যাওয়ার আগে চেয়ারম্যান মহোদয় ও সকল সদস্যকে অবহিত করতে হবে। | পরিকল্পনা প্রধান |
| ১২. | শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি গঠন। | সভায় চেয়ারম্যান মহোদয় শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি গঠন সম্পর্কে আলোচনা করেন এবং সকলের সহিত আলোচনাপূর্বক নীতিমালা ২০১৭ এর আলোকে নিম্নবর্ণিত কর্মকর্তার সমন্বয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:-<br>কমিটি:-<br>১। চেয়ারম্যান — আহবায়ক<br>২। সকল সদস্য — সদস্য<br>৩। পরিচালক (প্রশাসন) — সদস্য-সচিব।<br>প্রত্যেক বিভাগীয় প্রধান তার বিভাগের কর্মকর্তা/কর্মচারীর নাম শুদ্ধাচার পুরস্কারের প্রদানের জন্য একটি কমিটি গঠন করে একজন কর্মকর্তা/কর্মচারীর নাম মনোনয়ন করতে পারেন মর্মে সভায় একমত প্রকাশ করা হয়। | সকল বিভাগীয় প্রধান তার দপ্তরের জন্য একটি সাব কমিটি গঠন করবেন। উক্ত সাব-কমিটি তার বিভাগের যোগ্য কর্মকর্তা/কর্মচারী মনোনয়নের জন্য সুপারিশ করতে হবে। | সকল বিভাগীয়/ কোষপ্রধান |

পরিশেষে সভাপতি বর্তমানে করোনা ভাইরাস সংক্রমণের সময়ে সকলকে তার পরিবারসহ স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে থাকার জন্য অনুরোধ করেন। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন, শুদ্ধাচারের নির্দেশকসমূহ অনুসরণ এবং সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিতকরণের অনুরোধসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তির ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ২৪-০৬-২০২০
রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন
চেয়ারম্যান

নং ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪.২০১৯- ২৪.০৬.২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান ঃ

........................................................................................ মবক, মোংলা।

অনুলিপি ঃ

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

২৪/৬/২০২০

মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)